

# স্মরণীয় কয়েকজন গণিতবিদ

## থেলস




থেলস (625-545 BC) ছিলেন একজন অসাধারণ গ্রিক শিক্ষাবিদ এবং ব্যবসায়ী। তিনিই প্রথম চিন্তা করেন জ্যামিতি দিয়ে অনেক জটিল বিষয়ের সমাধান করা সম্ভব। তিনি সমকোণী ত্রিভুজের সাহায্যে পিরামিডের উচ্চতা বের করে দিয়ে মিশরীয়দের চমক লাগিয়ে দিয়েছিলেন। এটাই পরবর্তীতে ত্রিকোণমিতির উন্নতিতে ভিত্তি স্থাপন করেছিল।

## পিথাগোরাস



পিথাগোরাস (প্রায় 582-501 BC) ছিলেন একজন গ্রিক দার্শনিক এবং গণিতবিদ। পিথাগোরাস সমকোণী ত্রিভুজের বাহুগুলোর সম্পর্কের সূত্রের জন্য সারাবিশ্বে পরিচিত (যাকে বলা হয় পিথাগোরাসের সূত্র)। তিনি এমন একটি স্কুল প্রতিষ্ঠা করেন যেখানে গণিত, সঙ্গীত, বিজ্ঞান, দর্শন ও ধর্ম শিক্ষার ব্যবস্থা করা হয়। সংখ্যাতত্ত্ব এবং ত্রিমাত্রিক ও ক্ষেত্রফল সম্পর্কীয় জ্যামিতি শাস্ত্রে পিথাগোরাস অনেক বেশি অবদান রাখেন।

## আর্কিমিডিস



আর্কিমিডিস (287 - 212 BC) একজন গ্রীক গণিতবিদ, পদার্থবিজ্ঞানী, প্রকৌশলী, উদ্ভাবক এবং জ্যোতির্বিদ ছিলেন। তাকে প্রাচীনকালের সর্বশ্রেষ্ঠ গণিতজ্ঞ হিসাবে বিবেচনা করা হয়। আর্কিমিডিস আধুনিক ক্যালকুলাসের ধারণার সম্ভাবনা দেখেন এবং সূক্ষ্মাতিসূক্ষ্ম মানের প্রয়োগ করেন। আর্কিমিডিসের সবচেয়ে জনপ্রিয় আবিষ্কারগুলোর মধ্যে একটি ছিল অনিয়মিত আকারের বস্তুর আয়তন পরিমাপের পদ্ধতি।

## হাইপাশিয়া অব আলেক্সান্ড্রিয়া




হাইপাশিয়া অব আলেক্সান্ড্রিয়া (370-415) ছিলেন প্রথম মহিলা গণিতবিদ যিনি গণিতশাস্ত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখেন। তার বাবা ছিলেন মিশরের গণিতবিদ ও দার্শনিক থিওন। তিনি 400 সালে আলেক্সান্ড্রিয়ার প্লাটোনিস্ট স্কুলের প্রধান হিসাবে দায়িত্ব পালন করেন। হাইপাশিয়ার বেশিরভাগ কাজই নষ্ট হয়ে যায়। শুধু তার কাজের শিরোনামগুলো উদ্ধার করা সম্ভব হয়েছে। এস্ট্রোনমিতে তার অনেক অবদান ছিল।

## জন নেপিয়ার



জন নেপিয়ার (1550-1617) ছিলেন একজন স্কটল্যান্ডের জমিদার। তিনি 1614 সালে লগারিদমের টেবিলগুলো শ্রেণিবদ্ধ করেন। তার Mirifici Logarithmourn Canonis Descriptio বইটি খ্যাতি ও সম্মান নিয়ে আসে। তার আবিষ্কার গণিতের একটি সম্পূর্ণ নতুন দিক উন্মোচন করে দেয়। এটি দিয়েই গণিতের রেনেসা যুগের সমাপ্তি এবং আধুনিক গণিতের সূচনা হয়।

## গ্যালিলিও গ্যালিলেই




গ্যালিলিও গ্যালিলেই (1564-1642) দোলকের সূত্র আবিষ্কার করেন। তিনি টেলিস্কোপের গুরুত্বপূর্ণ উন্নয়ন সাধন এবং বৃহস্পতি গ্রহের উপগ্রহ আবিষ্কার করেন। সকল বস্তুই যে সমত্বরণে ভূপৃষ্ঠে পতিত হয়, এই সত্যটি গ্যালিলিও প্রমাণ করেন এবং আলোর গতি অসীম, এই ধারণাকে সন্দেহ করেন। সর্বোপরি তিনি গতির সূত্রগুলোও আবিষ্কার করেন, যদিও গাণিতিকভাবে সজ্জায়িত করতে পারেননি। সৌরজগতের সব গ্রহ সূর্যের চারিদিকে আবর্তন করে, তার এই ধারণাটি গীর্জার প্রশাসনের বিরুদ্ধে যাওয়ায় তাঁকে যাবজ্জীবন কারাদন্ড দেয়া হয়েছিল।

## রেনে দেকার্তে



রেনে দেকার্তে (1596-1650) ছিলেন বিখ্যাত ফরাসী গণিতবিদ। 1619 সালের নভেম্বরে যখন তিনি দানিউব নদীর তীরে ক্যাম্পিং করছিলেন, তখন তিনি চিন্তা করেন কী করে জ্যামিতিতে এলজেবরা ব্যবহার করা যেতে পারে। এটা গণিতে নতুন শাখা খুলে দেয়, যার নাম হলো এনালাইটিক্যাল জিওমেট্রি। তিনিই হলেন প্রথম গণিতবিদ যিনি অজানা সংখ্যাকে বর্ণ দ্বারা প্রকাশ করেন এবং $x \times x$ এর পরিবর্তে $x^2$ লেখার প্রচলন করেন।

সমাপ্ত



মেট্রোরেল (নির্মাণাধীন)

**"বাঁচবে সময়, বাঁচবে পরিবেশ**
**যানজট কমাবে মেট্রোরেল"**

এই রূপকল্পকে সামনে নিয়ে প্রায় ২২ হাজার কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে তৈরি হচ্ছে দেশের প্রথম এলিভেটেড মেট্রোরেল সিস্টেম। সহযোগী সংস্থা হিসেবে জাপানি প্রতিষ্ঠান জাইকা প্রায় ১৬ হাজার ৬০০ কোটি টাকা আর্থিক সহায়তা প্রদান করছে। বর্তমানে নির্মাণাধীন ২০.১ কিলোমিটারের মধ্যে জুন, ২০২০ এর মাঝেই দৃশ্যমান হয়েছে ১০.২৬ কিলোমিটার। ২০২১ সালে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে ১৬ই ডিসেম্বর এই মেট্রোরেল সার্ভিস উদ্বোধনের পরিকল্পনা রয়েছে। মেট্রোরেলের মাধ্যমে যানজটের নগরী ঢাকাতে মাত্র ৩৫ মিনিটে উত্তরা থেকে মতিঝিল পর্যন্ত পৌঁছানো সম্ভব হবে। মেট্রোরেল দুই দিক থেকে ঘণ্টায় ৬০,০০০ যাত্রী পরিবহণ করতে পারবে। পরিকল্পনা অনুযায়ী মোট ১০৮.৬৪১ কি.মি দীর্ঘ পথ মেট্রোরেলের আওতায় নিয়ে আসা হবে।